রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৪, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৫—৯৬ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮১—১০৪ | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১ |
| | | **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ১—২০ | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫১—২০০ | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| | | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| | | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অধিশাখা -২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৮/২৯ নভেম্বর ২০২১

**নং ০৮.০০.০০০০.০৩৭.০৪.০০৮.২০.১০৭**—যেহেতু, মোঃ সফিউল ইসলাম, যুগ্ম কর কমিশনার (পরিচিতি নম্বর: ২০০২১২) {অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)} কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে এবং তার বিরুদ্ধে ইস্যুকৃত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান না করায় "সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা , ২০১৮" এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" ও ৩(গ) অনুযায়ী "পলায়ন (desertion)" এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং এ বিভাগের ০৭ জানুয়ারি ২০২১ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.০৪.০০৮.২০.১ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগ বিবরণী ও ০৮.০০.০০০০.০৩৭.০৪. ০০৮.২০.২ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগনামা যথাযথ পদ্ধতিতে জারি করা হয়।

যেহেতু, অভিযোগ বিবরণী ও অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি কোনো জবাব দাখিল না করায় তাঁর কোনো ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়নি। এ প্রেক্ষিতে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ২৮ জুন ২০২১ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.০৪. ০০৮.২০.৩৯ সংখ্যক স্মারকের মাধ্যমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মোঃ শফিউল ইসলাম এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি এবং "পলায়ন (desertion)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত দাখিল করা হয়; এবং

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র ও অন্যান্য তথ্য প্রমাণাদি পর্যালোচনায় মোঃ শফিউল ইসলাম (পরিচিতি নম্বর: ২০০২১২), অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর বিধি ৩(গ) অনুযায়ী "পলায়ন (desertion)" এর অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু, মোঃ শফিউল ইসলাম, যুগ্ম কর কমিশনার (পরিচিতি নম্বর: ২০০২১২) {অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)} কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী তাকে 'বেতন গ্রেডের ০৩ ধাপ নিম্নের স্তরে' অর্থাৎ জাতীয় (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর গ্রেড-৫ এর ৪৩০০০-৬৯৮৫০/- টাকা স্কেলে বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৬৯৮৫০/- টাকা হতে ৬১২০০/- টাকা মূল বেতনে নামিয়ে দেওয়ার লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৮/২৯ নভেম্বর ২০২১

**নং ০৭.০০.০০০০.০৮২.১৯.০১৬.২০.৪০২**—যেহেতু, মোসাম্মৎ সালমা বেগম (বর্তমানে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার হিসেবে বাণিজ্য মন্ত্রণালয়ে কর্মরত) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা থাকাকালীন ০৫-১০-২০১৫ হইতে ০৩-১-২০১৬ পর্যন্ত ৮৯ (ঊননব্বই) দিন পূর্ণগড়বেতনে বহিঃবাংলাদেশ ছুটি শেষে ০৪-০১-২০১৬ তারিখ থেকে ২৩-১১-২০১৯ তারিখ পর্যন্ত অর্থাৎ ০৩ বছর ১০মাস ২০ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

০২। যেহেতু, কর্তৃপক্ষের নির্দেশনা সত্ত্বেও দেশে প্রত্যাবর্তনপূর্বক কাজে যোগদান না করে বর্ণিত সময়ে অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এবং (গ) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এবং "পলায়ন" (Desertion) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৫-০৯-২০২১ তারিখের ২৮৪ ও ২৮৫ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ১৯-০৯-২০২১ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ২৪-১০-২০২১ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা দোষ স্বীকার করেছেন এবং এরূপ অন্যায় আর করবেন না বলে কৃত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন;

০৫। যেহেতু, উত্থাপিত অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) এবং "পলায়ন" (Desertion) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

০৬। সেহেতু, মোসাম্মৎ সালমা বেগম (বর্তমানে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার হিসেবে বাণিজ্য মন্ত্রণালয়ে কর্মরত)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" (Misconduct) এবং "পলায়ন" (Desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(খ) অনুযায়ী আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘু দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮/৩০ নভেম্বর ২০২১

**নং ০৭.০০.০০০০.০৮২.০২৭.০০৩.২১-৪০৩**—যেহেতু, জনাব মোঃ বদিউজ্জামান (বর্তমানে মহা হিসাব নিরীক্ষক এর কার্যালয়ে অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক হিসেবে পদায়িত) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয় থেকে গত ১৪-০৬-২০২০ তারিখে জারীকৃত অফিস আদেশকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগ মাধ্যম হোয়াটস অ্যাপ-এর বিসিএস অডিট এন্ড একাউন্টস নামক গ্রুপে ক্রমাগতভাবে বিভিন্ন ধরনের নেতিবাচক, শিষ্টাচার বহির্ভূত, উস্কানিমূলক, ঔদ্ধত্যপূর্ণ ও বিদ্রুপাত্মক মন্তব্য/মতামত প্রকাশ/প্রচার করেন;

০২। যেহেতু, কর্তৃপক্ষের ন্যায়ানুগ আদেশের প্রত্যক্ষ সমালোচনা বিরুদ্ধচারণ, অবাধ্যতা ও অবজ্ঞা প্রদর্শন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উদ্দেশ্যে কটাক্ষপূর্ণ মন্তব্য করার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি-৩(খ) মোতাবেক "অসদাচরণ" (misconduct) এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ বিভাগের ২৬-০৮-২০২১ তারিখের ২৬৮ ও ২৬৯ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ১২-০৯-২০২১ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং গত ২৪-১০-২০২১ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা দোষ স্বীকার করেছেন এবং অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করেছেন;

০৫। যেহেতু, উত্থাপিত অভিযোগ, উভয়পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনিত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" (misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

০৬। সেহেতু, জনাব মোঃ বদিউজ্জামান (অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" (misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২) (ক) এবং (খ) অনুযায়ী যথাক্রমে তিরস্কার (Censure) এবং আগামী ০২(দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুর রউফ তালুকদার**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ০২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১০৩/৭৬-২২২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব এস, এম আতিকুল ইসলাম, জন্ম তারিখ: ০১-০১-১৯৯৮ খ্রিঃ, পিতা-মোঃ তোতা মিয়া সিকদার, মাতা-হোসনেআরা বেগম, গ্রাম-পোনাহুড়া, ডাকঘর-কালিশুরী, উপজেলা-বাউফল, জেলা-পটুয়াখালী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ০২নং কালিশুরী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৩২/৮৬(অংশ)-২২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ মামুনুর রসিদ, জন্ম তারিখ: ০১-০১-১৯৯০ খ্রিঃ, পিতা-আব্দুস সামাদ (মোল্লা), মাতা-আছিয়া খাতুন, গ্রাম-আমানতবাগ, ওয়ার্ড নং-০৯, উপজেলা-রাঙ্গামাটি সদর, জেলা-রাঙ্গামটি পার্বত্য জেলা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাঙ্গামাটি পার্বত্য জেলার রাঙ্গামাটি পৌরসভার ০৮ ও ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ অগ্রহায়ণ, ১৪২৮বঃ/২৫ নভেম্বর, ২০২১খ্রিঃ

নং **১০.০০.০০০০.১৩০.১৮.০০৭.১৯-২৩০**—নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার 'বৈদ্যেরবাজার' সাব-রেজিস্ট্রি অফিসের নাম পরিবর্তন করে 'সোনারগাঁও' সাব-রেজিস্ট্রি অফিস নামে নামকরণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহ্উদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৮/২২ নভেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭৮.১১.০১০.২০১৩-৩১৯**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩১ (১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. মোঃ আব্দুর রহমান সরকার (অবসরপ্রাপ্ত), কৃষিতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-কে শেখ ফজিলাতুনন্নেছা মুজিব বিশ্ববিদ্যালয়, জামালপুর-এর ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৮/২৪ নভেম্বর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭৮.০৮.০১৬.২০০৬-৩২৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এঁর ৩১ (১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. আনোয়ার হোসেন, প্রাক্তন উপাচার্য, নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ-কে উক্ত ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

ক) ভাইস-চ্যান্সেলর পদে তাঁর নিয়োগের মেয়াদ হবে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করতে পারবেন;

খ) তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বেতন ভাতা প্রাপ্য হবেন এবং পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;

গ) তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামিমা বেগম**
যুগ্ম সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

**বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৮ বঃ/২২ নভেম্বর ২০২১ খ্রিঃ

**নং শিম/শাঃ১৯/বঃশেঃমুঃরঃ মেরিটাইম ইউঃ৩/২০১৩-৩৬৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১৬ ধারা অনুযায়ী গত ২২-০২-২০২১ তারিখের নং-শিম/শাঃ১৯/বঃশেঃমুঃরঃ মেরিটাইম ইউঃ৩/২০১৩-৭৫ নং প্রজ্ঞাপনমূলে রেজিস্ট্রার পদে নিয়োগকৃত কমোডর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন (পি নং-৬০০)-কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর রেজিস্ট্রার পদে প্রেষণে নিয়োগাদেশ এতদ্বারা অবসায়ন এবং কমোডর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন (পি নং-৬০০)-এর অবসর গমনের সুবিধার্থে উক্ত পদ থেকে প্রত্যাহারপূর্বক বাংলাদেশ নৌবাহিনীতে প্রত্যাবর্তনের অনুমতি প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং শিম/শাঃ১৯/বঃশেঃমুঃরঃমেরিটাইম ইউঃ৩/২০১৩-৩৬৫**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১৬ ধারা অনুযায়ী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর রেজিস্ট্রার পদে ইতোপূর্বে নিয়োগকৃত কমোডর আনিছুর রহমান মোল্লা, (এল), এনইউপি, পিএসসি, বিএন (পি নং-৬০০)-কে উক্ত পদ থেকে প্রত্যাহারপূর্বক বাংলাদেশ নৌবাহিনীতে প্রত্যাবর্তন সাপেক্ষে কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ১), এনজিপিপি, পিএসসি, বিএন (পি নং ১০০৬)-কে উক্ত ইউনিভার্সিটির রেজিস্ট্রার পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

(১) এই নিয়োগের মেয়াদ রেজিস্ট্রার পদে তাঁর যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর অথবা অবসর গ্রহণের তারিখ এর মধ্যে যা অগ্রে ঘটে সেই কাল পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকবেন;

(২) রেজিস্ট্রার পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন;

(৩) আইনের ধারা ১৬ অনুসারে রেজিস্ট্রার বিশ্ববিদ্যালয়ের আবাসিক কর্মকর্তা হবেন এবং তদানুযায়ী স্বীয় দায়িত্ব পালন করবেন;

(৪) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুম আহমেদ**
উপসচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৮বঃ/২৩ নভেম্বর ২০২১ খ্রিঃ

নং **৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৯-৩৬৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর ধারা ১৫ (১) অনুযায়ী গত ২৯-০৫-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের ৩৭.০০.০০০০.০৮০.১১.০০১.১৯-২০২ নং প্রজ্ঞাপনমূলে ট্রেজারার পদে নিয়োগকৃত এয়ার কমডোর মোঃ মোস্তাক হেলালুর রহমান (বিডি/৮৩৪১)-কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার পদে প্রেষণে নিয়োগাদেশ এতদ্বারা অবসায়ন এবং এয়ার কমডোর মোঃ মোস্তাক হেলালুর রহমান (বিডি/৮৩৪১)-এর অবসর গমনের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়ের উক্তপদ থেকে প্রত্যাহারপূর্বক বাংলাদেশ বিমান বাহিনীতে প্রত্যাবর্তনের অনুমতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুম আহমেদ**
উপসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**বিদ্যুৎ বিভাগ**

**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ কার্তিক ১৪২৮/০২ নভেম্বর ২০২১

নং **২৭.০০.০০০০.০৪২.৩১.০১৩.১৬-৪৬৯**—টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১২ এর ধারা-৯ ও ১০ এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর বিধি-৪ এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, স্রেডা, ঢাকা। | সভাপতি |
| ০২ | সদস্য (অর্থ), স্রেডা, ঢাকা। | সার্বক্ষণিক সদস্য |
| ০৩ | সদস্য (প্রশাসন), স্রেডা, ঢাকা। | ঐ |
| ০৪ | সদস্য (নবায়নযোগ্য জ্বালানি), স্রেডা, ঢাকা। | ঐ |
| ০৫ | সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ), স্রেডা, ঢাকা। | ঐ |
| ০৬ | সদস্য (নীতি ও গবেষণা), স্রেডা, ঢাকা। | ঐ |
| ০৭ | যুগ্মসচিব (কোম্পানি এ্যাফেয়ার্স), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | অবৈতনিক সদস্য |
| ০৮ | মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা। | ঐ |
| ০৯ | যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা। | ঐ |
| ১০ | যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ঐ |
| ১১ | যুগ্মসচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | অবৈতনিক সদস্য |
| ১২ | যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | ঐ |
| ১৩ | জনাব নিহাদ কবির বার-এট-ল, প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মতিঝিল, ঢাকা। | ঐ |
| ১৪ | ড. আব্দুল হাসিব চৌধুরী, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বুয়েট, ঢাকা। | ঐ |
| ১৫ | জনাব ফজলে রাব্বি সাদেক আহমেদ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, পল্লী সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা। | ঐ |
| ১৬ | ড. এস. এম. নাসিফ শামস, সহকারী অধ্যাপক, শক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | ঐ |
| ১৭ | জনাব মুনাওয়ার মিসবাহ মঈন, সভাপতি, সোলার মডিউল ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা। | ঐ |

**পর্ষদের কার্য পরিধি:**

১। পর্ষদের অবৈতনিক সদস্যগণের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ০২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহেনা আকতার**
উপসচিব।

---

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮/২৫ নভেম্বর ২০২১

নং **৫২.০০.০০০০.০০৬.১২.৭২৭.২০-৩২৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ তারিখ অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য নিম্নরূপভাবে বিভাগীয় নির্বাচন কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(ক) যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**সদস্যবৃন্দ**

(খ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)

(গ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে)

(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের একজন প্রতিনিধি

**সদস্য সচিব**

(ঙ) উপসচিব (প্রশাসন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**কার্য পরিধি:**

ক. রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ সরাসরি নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড/সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবে।

**মোঃ ফরিদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮/২৫ নভেম্বর ২০২১

**নং ৫২.০০.০০০০.০০৬.১২.৭২৭.২০-৩২৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ তারিখ অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য নিম্নরূপভাবে বিভাগীয় নির্বাচন কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

(ক) যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**সদস্যবৃন্দ**

(খ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)

(গ) উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে)

(ঘ) বাংলাদেশ সরকারী কর্মকমিশনের একজন প্রতিনিধি

**সদস্য সচিব**

(ঙ) উপসচিব (প্রশাসন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**কার্য পরিধি:**

ক. রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ সরাসরি নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড/সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবে।

**মোঃ ফরিদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮বঃ/২৩ নভেম্বর ২০২১খ্রিঃ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৯.১৯.২৫১**—The State Acquistion And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্র নং | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | সাতাইশ দ্রোন | ২৭৯ | ৭৮২ | নোয়াখালী সদর | নোয়াখালী |

তারিখ: ১৩ কার্তিক ১৪২৮বঃ/২৮ নভেম্বর ২০২১খ্রিঃ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫ (অংশ-১).২৫৫**—The State Acquistion And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্র নং | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | থানার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | আকরান | ১২৬ | ১৪৩০, ২৫৫৭, ২৫৫৮, ২৫৫৯, ২৫৬০, ২৫৬১, ২৫৬২, ২৫৬৩ | সাভার | ঢাকা | মোট = ৮টি |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০১১.২১.২৫৬**—The State Acquistion And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মমে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্র নং | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ডুমরগাঁ | ৯৪ | ৯০৮ | কাহালু | বগুড়া |

| ক্র নং | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ২ | মাটিহাস | ১৩৬ | ৬৬৭ | কাহালু | বগুড়া |
| ৩ | খোক্সা বাড়ী | ৩০ | ১২০৩ | ধুনট | বগুড়া |
| ৪ | আক্কেলপুর | ৩০ | ১২১৭ | আক্কেলপুর | জয়পুরহাট |
| ৫ | পুনট | ৮৬ | ৪৬৫৩ | কালাই | জয়পুরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম.এম. আরিফ পাশা**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৮/২৪ নভেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০২৮**—নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানার মামলা নং-৫০, তারিখ: ২৭-০৭-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০২৯**—লক্ষীপুর জেলার রামগতি থানার মামলা নং-১৭, তারিখ: ২৮-০৪-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদনক্রমে (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩২**—ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার মামলা নং-০২, তারিখ: ০১-০৬-২০২০ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৭/ ৮/৯/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩৩—সিলেট জেলার কোতয়ালী মডেল থানার মামলা নং-৮৭, তারিখ: ২৮-০২-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩৪**—ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার মামলা নং-৪১, তারিখ: ২৮-১০-২০২০ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩৫**—ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার মামলা নং-০৩, তারিখ: ০১-১১-২০২০ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৮/ ৯/১০/১১ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩৮**—গাইবান্ধা জেলার সদর থানার মামলা নং-১৪, তারিখ: ০৭-০৭-২০২০ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/ ১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৩৯**—লক্ষীপুর জেলার চন্দ্রগঞ্জ থানার মামলা নং-১৩, তারিখ: ২৪-০৪-২০২১ খ্রিঃ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ই)(ঈ)/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১.১০৪১**—ঢাকা জেলার চকবাজার মডেল থানার মামলা নং-১৮(০৮)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৮/৯(৩)/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৪২**—ঢাকা জেলার চকবাজার মডেল থানার মামলা নং-৩৮(১১)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৪৩**—ঢাকা জেলার গেন্ডারিয়া থানার মামলা নং-২৯(১১)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৪৪**—ঢাকা জেলার শাহজাহানপুর থানার মামলা নং-১৪(১২)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২১-১০৪৫**—ঢাকা জেলার মোহাম্মদপুর থানার মামলা নং-৪৯(১০)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮/৩০ নভেম্বর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-১০৮১**—চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া মডেল থানার মামলা নং-২৫, তারিখ: ২৪-০৯-২০২০ খ্রিঃ এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৫.২০-৪২২**—যেহেতু, ডা. সাইফুল ইসলাম (৪০২৫৮), উপপরিচালক, বিমানবন্দর স্বাস্থ্য দপ্তর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (প্রক্তন মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা) এর বিরুদ্ধে ২০১৪-২০১৫ অর্থবছরে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর জন্য মেডিসিন ও সার্জিক্যাল আইটেম এন্ড ইকুপমেন্টস ক্রয়ের ক্ষেত্রে ক্ষমতার অপব্যবহার, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ এবং প্রতারণা ও দুর্নীতির মাধ্যমে সরকারি ১,৪০,৮৭,০৩৯/১৬ (এক কোটি চল্লিশ লক্ষ সাতাশি হাজার ঊনচল্লিশ টাকা ষোল পয়সা) ক্ষতিসাধন/আত্মসাতের অভিযোগে দণ্ডবিধির ৪০৯/৪২০/১০৯ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দুর্নীতি দমন কমিশন, সজেকা, ঢাকা-১ এ মামলা নং ১৬, তারিখ ১৭-১২-২০১৯ দায়ের করা হয়;

যেহেতু, উক্ত মামলার আসামী হিসেবে ডা. সাইফুল ইসলাম বিজ্ঞ আদালতে ২০.০১.২০২০ খ্রিঃ তারিখে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করেন;

যেহেতু, উক্ত মামলার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর)পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

যেহেতু, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখঃ ২১ নভেম্বর, ১৯৭৮ অনুযায়ী, 'কোন কর্মচারী গ্রেফতারের পরে বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তিলাভ করিলেও মামলার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত সাময়িক বরখাস্ত অবস্থায়ই থাকা উচিত। এইক্ষেত্রে যাহাতে কোন জটিলতার সৃষ্টি না হয়, সেইজন্য কর্তৃপক্ষের সাময়িক বরখাস্তের আনুষ্ঠানিক আদেশ জারি করিতে হইবে।'

যেহেতু, রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রিঃ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী, 'দুর্নীতিমূলক মামলায় যে কোনো পাবলিক সার্ভেন্ট অভিযুক্ত হয়ে যদি গ্রেফতারকৃত হয় বা কোর্টে আত্মসমর্পণ করেন, তাকেও গ্রেপ্তার করার বা জামিন পাওয়ার দিন থেকে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করার কথা;

সেহেতু, ডা. সাইফুল ইসলামকে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২, তৎকালিন মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখঃ ২১ নভেম্বর, ১৯৭৮ এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রিঃ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী বিজ্ঞ আদালতে আত্মসমর্পণের তারিখ ২০-০১-২০২০ খ্রিঃ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৬১.২০-৪২৫**—যেহেতু, ডা. রওশন জাহান (১২০৩৮০), লেকচারার, জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা) এর বিরুদ্ধে ২০১৬-২০১৭ অর্থবছরে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর জন্য মেডিসিন ও সার্জিক্যাল আইটেম এন্ড ইকুপমেন্টস ক্রয়ের ক্ষেত্রে ক্ষমতার অপব্যবহার, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ এবং প্রতারণা ও দুর্নীতির মাধ্যমে সরকারি ১,১২,১৫,৩০৬/১০ (এক কোটি বারো লক্ষ পনেরো হাজার তিনশত ছয় টাকা দশ পয়সা) ক্ষতিসাধন/আত্মসাতের অভিযোগে দণ্ডবিধির ৪০৯/৪২০/১০৯ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দুর্নীতি দমন কমিশন, সজেকা, ঢাকা-১ এ মামলা নং ১৮, তারিখ ১৭-১২-২০১৯ খ্রিঃ দায়ের করা হয়;

যেহেতু, উক্ত মামলার আসামী হিসেবে ডা. রওশন জাহান বিজ্ঞ আদালতে ২১.০১.২০২০ খ্রিঃ তারিখে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করেন;

যেহেতু, উক্ত মামলার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর)পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

যেহেতু, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখঃ ২১ নভেম্বর, ১৯৭৮ অনুযায়ী, 'কোন কর্মচারী গ্রেফতারের পরে বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তিলাভ করিলেও মামলার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত সাময়িক বরখাস্ত অবস্থায়ই থাকা উচিত। এইক্ষেত্রে যাহাতে কোন জটিলতার সৃষ্টি না হয়, সেইজন্য কর্তৃপক্ষের সাময়িক বরখাস্তের আনুষ্ঠানিক আদেশ জারি করিতে হইবে।'

যেহেতু, রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রিঃ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী, 'দুর্নীতিমূলক মামলায় যে কোনো পাবলিক সার্ভেন্ট অভিযুক্ত হয়ে যদি গ্রেফতারকৃত হয় বা কোর্টে আত্মসমর্পণ করেন, তাকেও গ্রেপ্তার করার বা জামিন পাওয়ার দিন থেকে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করার কথা';

সেহেতু, ডা. রওশন জাহান-কে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখঃ ২১ নভেম্বর, ১৯৭৮ এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রিঃ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী বিজ্ঞ আদালতে আত্মসমর্পণের তারিখ ২০-০১-২০২০ খ্রিঃ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩০ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৭.২১-৪৩৫**—যেহেতু জনাব মো. নাছির উদ্দিন, উপ-প্রধান (প্রশাসন ও প্রশিক্ষণ), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর , মহাখালী, ঢাকা (প্রাক্তন সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সিভিল সার্জনের কার্যালয়, ঢাকা) এর বিরুদ্ধে ২০১৭-১৮ অর্থবছরে মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর জন্য মেডিসিন ও সার্জিক্যাল আইটেম এন্ড ইকুপমেন্টস ক্রয়ের ক্ষেত্রে ক্ষমতার অপব্যবহার, অপরাধমূলক বিশ্বাসভঙ্গ এবং প্রতারণা ও দুর্নীতির মাধ্যমে সরকারি ১,৩৮,২৮,৯৫৮/৭৯ (এক কোটি আটত্রিশ লক্ষ আটাশ হাজার নয়শত আটান্ন টাকা ঊনআশি পয়সা) ক্ষতিসাধন/আত্মসাতের অভিযোগে দণ্ডবিধির ৪০৯/৪২০/১০৯ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দূর্নীতি দমন কমিশন, সজেকা, ঢাকা-১ এ মামলা নং ১৯, তারিখ ১৭-১২-২০১৯ খ্রি. দায়ের করা হয়;

যেহেতু উক্ত মামলার আসামী হিসেবে মো. নাছির উদ্দিন বিজ্ঞ আদালতে ১৩.০১.২০২০ খ্রিঃ তারিখে আত্মসমর্পণ করে জামিন গ্রহণ করেন;

যেহেতু উক্ত মামলার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর)পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

যেহেতু, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখ: ২১ নভেম্বর, ১৯৭৮ অনুযায়ী, 'কোন কর্মচারী গ্রেফতারের পরে বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তিলাভ করিলেও মামলার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত সাময়িক বরখাস্ত অবস্থায়ই থাকা উচিত। এইক্ষেত্রে যাহাতে কোন জটিলতার সৃষ্টি না হয়, সেইজন্য কর্তৃপক্ষের সাময়িক বরখাস্তের আনুষ্ঠানিক আদেশ জারি করিতে হইবে।'

যেহেতু, রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রিঃ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী, 'দুর্নীতিমূলক মামলায় যে কোনো পাবলিক সার্ভেন্ট অভিযুক্ত হয়ে যদি গ্রেফতারকৃত হয় বা কোর্টে আত্মসমর্পণ করেন, তাকেও গ্রেপ্তার করার বা জামিন পাওয়ার দিন থেকে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করার কথা';

সেহেতু মোঃ নাছির উদ্দিনকে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখ: ২১ নভেম্বর, ১৯৭৮ এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ খ্রি. তারিখের রাস/জানি (দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নং আদেশ অনুযায়ী বিজ্ঞ আদালতে আত্মসমর্পণের তারিখ ১৩-০১-২০২০ খ্রিঃ হতে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.১৬২.২০-৪৩৬**—যেহেতু, ডা. রাজীব ঘোষ (১১৩৪৮৫), সহকারী অধ্যাপক (মেডিসিন) ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্তঃ রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি) ২০১৮ সালের যৌতুক নিরোধ আইনের ৩ ধারায় রুজুকৃত সিআর মামলা নং-১৬৪৬/২০২০ (কোতয়ালী), এর প্রেক্ষিতে ০৩-১০-২০২১ খ্রিঃ তারিখে গ্রেপ্তারের পর জেল-হাজতে অন্তরীণ হন;

যেহেতু তিনি জামিনে মুক্তিলাভ করলেও বর্তমানে উক্ত মামলার কার্যক্রম চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক 'কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

যেহেতু বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর)পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারি অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেল-হাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

যেহেতু, মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখ: ২১ নভেম্বর, ১৯৭৮ অনুযায়ী, 'কোন কর্মচারী গ্রেফতারের পরে বা আত্মসমর্পণের পর জামিনে মুক্তিলাভ করিলেও মামলার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত সাময়িক বরখাস্ত অবস্থায়ই থাকা উচিত। এইক্ষেত্রে যাহাতে কোন জটিলতার সৃষ্টি না হয়, সেইজন্য কর্তৃপক্ষের সাময়িক বরখাস্তের আনুষ্ঠানিক আদেশ জারি করিতে হইবে';

সেহেতু, ডা. রাজীব ঘোষকে সরকারি চাকরি আইন , ২০১৮ এর ৩৯(২) ধারা, বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির ২নং নোট এবং মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের অফিস স্মারক নং ED(Reg-VI)-S-123/78115(500), তারিখ: ২১ নভেম্বর, ১৯৭৮ অনুয়ায়ী ০৩-১০-২০২১ খ্রিঃ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সচিব।

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**চিকিৎসা শিক্ষা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০অগ্রহায়ণ, ১৪২৮ বঃ/২৫ নভেম্বর ২০২১ খ্রিঃ

নং **৫৯.০০.০০০০.১৪১.০৬.০০১.২১.৭৪৪**—গত ০৮-১১-২০২১ খ্রিঃ তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০২ (দুই) বছরের মধ্যে আবশ্যিকভাবে নিজস্ব জমিতে কার্যক্রম স্থানান্তর, বহিঃবিভাগীয় চিকিৎসা কার্যক্রম এবং পূর্ণাঙ্গ ঔষধী বাগান প্রতিষ্ঠা করার শর্তে বেসরকারি বরিশাল ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল এর অনুমোদন প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রবিউল আলম**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৯ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬৩.১৯.১৩**।—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার খতিয়ানসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে;

| ক্রম: | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | নওয়াপাড়া | ৩৩ | ৪৮, ১৫৫, ২৯৮, ৩৩৭, ৩৬০, ৩৬১, ৩৭৩, ৩৯৯, ৪১৬ ও ৫১৫ = ১০টি | আশাশুনি | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগের ৬৪২৫/ ২০০৯ নম্বর রিট মামলাটি নিষ্পত্তি হওয়ায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ পৌষ ১৪২৮/২৬ ডিসেম্বর ২০২১

**নং ১২.০০.০০০০.০৫৩.৯৯.০২৯.১৩.৬৩৪**—কৃষি বিপণন আইন, ২০১৮ এর ৫ নং ধারার **১** নং উপধারার অর্পিত ক্ষমতাবলে সরকার তালিকায় বর্ণিত বাজারগুলিকে ০১ জানুয়ারি, ২০২২ তারিখ হইতে উক্ত আইনের তফসিলে (Schedule) বর্ণিত কৃষি পণ্যের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে প্রজ্ঞাপিত বাজার হিসাবে ঘোষণা করিল।

২। নিম্নবর্ণিত প্রজ্ঞাপিত বাজারগুলিতে উক্ত আইনের ৫নং ধারার ৪নং উপধারায় উল্লিখিত বিধান মোতাবেক বাজারকারবারীগণকে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রদান করা হইবে।

৩। এই বিজ্ঞপ্তি প্রকাশের ০১(এক) মাসের মধ্যে বাজারকারবারীগণকে কৃষি বিপণন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/উপজেলার দপ্তর প্রধানের নিকট হইতে লাইসেন্সের আবেদন ফরম সংগ্রহ করতঃ লাইসেন্সের জন্য আবেদন করিতে অনুরোধ করা হইল।

**(ক) ঢাকা বিভাগ :**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলা/থানার নাম | বাজারের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ফরিদপুর | নগরকান্দা | নগরকান্দা বাজার | জেলা প্রশাসকের সুপারিশসহ |
| ০২. | ঐ | মধুখালী | নওয়াপাড়া বাজার | ঐ |
| ০৩. | ঐ | সদর উপজেলা | গজারিয়া বাজার | ঐ |

**(খ) চট্টগ্রাম বিভাগঃ**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলা/থানার নাম | বাজারের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০৪. | চাঁদপুর | চাঁদপুর সদর | চাঁন্দ্রা চৌরাস্তা বাজার | জেলা প্রশাসকের সুপারিশসহ |
| ০৫. | ঐ | ঐ | ইছলী চৌরাস্তা বাজার | ঐ |
| ০৬. | ঐ | ঐ | ফরক্কাবাদ বাজার | ঐ |
| ০৭. | ঐ | হাজীগঞ্জ | চেংগাতলী বাজার | ঐ |
| ০৮. | ঐ | হাইমচর | নিলকমল বাজার | ঐ |
| ০৯. | ঐ | ঐ | হাওলাদার বাজার | ঐ |
| ১০. | ঐ | ফরিদগঞ্জ | গোয়ালঘর বাজার | ঐ |
| ১১. | ঐ | ঐ | নয়ারহাট বাজার | ঐ |
| ১২. | ঐ | ঐ | রামপুর বাজার | ঐ |
| ১৩. | ঐ | ঐ | গৃতকালন্দিয়া বাজার | ঐ |
| ১৪. | ঐ | ঐ | চর দুখিয়া বাজার | ঐ |
| ১৫. | ঐ | কচুয়া | মিয়ার বাজার | ঐ |
| ১৬. | ঐ | ঐ | জসতপুর বাজার | ঐ |
| ১৭. | ঐ | মতলব (দক্ষিণ) | মুন্সির হাট বাজার | ঐ |
| ১৮. | ঐ | মতলব (উত্তর) | সুজাতপুর বাজার | ঐ |
| ১৯. | ঐ | ঐ | চেংগারচর বাজার | ঐ |
| ২০. | ঐ | শাহ্‌রাস্তি | উয়ারুক বাজার | ঐ |

**(গ) খুলনা বিভাগঃ**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলা/থানার নাম | বাজারের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২১. | বাগেরহাট | মোরেলগঞ্জ | সন্যাসী বাজার | জেলা প্রশাসকের সুপারিশসহ |
| ২২. | ঐ | শরণখোলা | রাজাপুর হাট/বাজার | ঐ |
| ২৩. | ঐ | ফকিরহাট | বেতাগা বাজার | ঐ |
| ২৪. | ঐ | মোল্লাহাট | নাশুয়াখালী হাট/বাজার | ঐ |
| ২৫. | ঐ | ঐ | গাংনী হাট/বাজার | ঐ |

**(গ) বরিশাল বিভাগঃ**

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলা/থানার নাম | বাজারের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২৬. | ঝালকাঠি | ঝালকাঠি সদর | মানপাশা হাট | জেলা প্রশাসকের সুপারিশসহ |
| ২৭. | ঐ | কাঠালিয়া | মরিচ বুনিয়া হাট | ঐ |
| ২৮. | ঐ | রাজাপুর | গালুয়া হাট | ঐ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাম্মাৎ জোহরা খাতুন**
উপসচিব।